# অনার্স ১ম বর্ষ -২০১৫
## স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস

ক. বাংলাদেশের সর্বোচ্চ পর্বতশৃঙ্গের নাম কী?
উত্তর: বাংলাদেশের সর্বোচ্চ পর্বতশৃঙ্গের নাম বিজয় (তাজিং ডং )।

খ. পদ্মা নদী মেঘনা নদীর সাথে কোথায় মিশেছে?
উত্তর: পদ্মা নদী চাঁদপুরের মেঘনা নদীর সাথে মিশেছে।

গ. অখন্ড স্বাধীন বাংলা গঠনের প্রস্তাবক কে ছিলেন?
উত্তর: অখন্ড স্বাধীন বাংলা গঠনের প্রস্তাবক ছিলেন হোসেন শহীদ সোহরাওয়ার্দী।

ঘ. আওয়ামী মুসলিম লীগের প্রথম সভাপতি কে ছিলেন?
উত্তর: মওলানা আবদুল হামিদ খান ভাসানী ছিলেন আওয়ামী মুসলিম লীগের প্রথম সভাপতি।

ঙ. কার নেতৃত্বে তমদ্দুন মজলিস গঠিত হয়েছিল?
উত্তর: অধ্যাপক আবুল কাসেমের নেতৃত্বে তমদ্দুন মজলিস গঠিত হয়েছিল।

চ. কোন সংবিধানে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয় ?
উত্তর: ১৯৫৬ সালে সংবিধানে বাংলাকে পাকিস্তানের সংবিধানে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়।

ছ. PODO-এর পূর্ণরূপ কী?
উত্তর: PODO-এর পূর্ণরূপ Public Office Disqualification Order.

জ. মৌলিক গণতন্ত্রে ভোটাধিকার ছিল কতজনের?
উত্তর: মৌলিক গণতন্ত্রে ভোটাধিকার ছিল ৮০ হাজার জনের।

ঝ. ১৯৫৪ সালের প্রাদেশিক পরিষদের নির্বাচনে যুক্তফ্রন্টের প্রতীক কী ছিল?
উত্তর: ১৯৫৪ সালের প্রাদেশিক পরিষদের নির্বাচনে যুক্তফ্রন্টের প্রতীক ছিল 'নৌকা'।

ঞ. ঐতিহাসিক ৬-দফা কর্মসূচি কবে এবং কোথায় ঘোষিত হয়েছিল?
উত্তর: ঐতিহাসিক ৬-দফা কর্মসূচি ১৯৬৫ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে ঘোষিত হয়েছিল।

ট. মুক্তিযুদ্ধের সময় ঢাকা কোন সেক্টরের অধীনে ছিল?
উত্তর: ঢাকা মুক্তিযুদ্ধের সময় ২ নং সেক্টরের অধীনে ছিল।

ঠ. বাংলাদেশের পতাকা প্রথম কোথায় উত্তোলন করা হয়?
উত্তর: বাংলাদেশের পতাকা প্রথম ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন প্রাঙ্গণে উত্তোলন করা হয়।

## অনার্স ১ম বর্ষ -২০১৬
## স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস

ক. বাংলা ভাষার আদি নির্দেশনের নাম কী?
উত্তর: বাংলা ভাষার আদি নির্দেশনের নাম চর্যাপদ।

খ. বাংলাদেশের সাংবিধানিক নাম লেখ।
উত্তর: বাংলাদেশের সাংবিধানিক নাম 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ'।

গ. অখন্ড স্বাধীন বাংলার প্রথম মুখ্যমন্ত্রী কে ছিলেন?
উত্তর: অখন্ড স্বাধীন বাংলার প্রথম মুখ্যমন্ত্রী ছিলেন এ. কে. ফজলুল হক।

ঘ. ভারত স্বাধীনতা আইন কত সালে প্রণীত হয়?
উত্তর: ভারত স্বাধীনতা আইন ১৯৪৭ সালের ১৮ জুলাই প্রণীত হয়।

ঙ. দ্বিজাতি তত্ত্বের প্রবর্তক কে?
উত্তর: দ্বিজাতি তত্ত্বের প্রবর্তক মুহাম্মদ আলী জিন্নাহ।

চ. পাকিস্তানে প্রথম কত সালে সামরিক শাসন জারি করা হয়?
উত্তর: পাকিস্তানে প্রথম ১৯৫৮ সালের ৭ অক্টোবর সামরিক শাসন জারি করা হয়।

ছ. মৌলিক গণতন্ত্র অধ্যাদেশ কে জারি করেন?
উত্তর: মৌলিক গণতন্ত্র অধ্যাদেশ আইয়ুব খান জারি করেন।

জ. LFO এর পূর্ণরূপ কী?
উত্তর: LFO এর পূর্ণরূপ Legal Framework Order.

ঝ. কোন কর্মসূচি 'বাঙালির ম্যাগনা কার্টা' নামে পরিচিত?
উত্তর: ছয় দফা কর্মসূচি বাঙালির ম্যাগনা কার্টা নামে পরিচিত।

ঞ. প্রশ্ন: ড. শামসুজ্জোহা কোন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন?
উত্তর: ড. শামসুজ্জোহা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন।

ট. প্রশ্ন: ২৫শে মার্চের গণহত্যার সাংকেতিক নাম কী ছিল?
উত্তর: ২৫শে মার্চের গণহত্যার সাংকেতিক নাম ছিল 'অপারেশন সার্চলাইট'।

ঠ. প্রশ্ন: শেখ মুজিবুর রহমানকে কবে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয়?
উত্তর: শেখ মুজিবুর রহমানকে ১৯৬৯ সালের ২৩শে ফেব্রুয়ারি 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয়।

অনার্স ১ম বর্ষ -২০১৭
স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস

ক. প্রশ্নঃ কোন গ্রন্থে সর্বোত্তম বঙ্গ নামের উল্লেখ পাওয়া যায়?
উঃ 'ঐতরেয় আরণ্যক' গ্রন্থে সর্বপ্রথম বঙ্গ নামের উল্লেখ পাওয়া যায়।

খ. প্রশ্ন: পদ্মা নদী কোথায় মেঘনা নদীর সাথে মিলিত হয়েছে?
উত্তর: পদ্মা নদী চাঁদপুরে মেঘনা নদীর সাথে মিলিত হয়েছে।

গ. প্রশ্ন: 'লাহোর প্রস্তাব' কে উত্থাপন করেন?
উত্তর: 'লাহোর প্রস্তাব' এ. কে. ফজলুল হক উত্থাপন করেন।

ঘ. প্রশ্ন: 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' কবে গঠিত হয়?
উত্তর: 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' ১৯৪৭ সালের ডিসেম্বরে গঠিত হয়।

ঙ. প্রশ্ন: পাকিস্তানের সংবিধান কখন বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়?
উত্তর: পাকিস্তানের সংবিধানে ১৯৫৬ সালে বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়।

চ. প্রশ্ন: মৌলিক গণতন্ত্রে কত জনের ভোটাধিকার ছিল?
উত্তর: মৌলিক গণতন্ত্রে ৮০ হাজার জনের ভোটাধিকার ছিল।

ছ. প্রশ্ন: 'EBDO' এর পূর্ণরূপ কী?
উত্তর: 'EBDO' এর পূর্ণরূপ Elective Bodies Disqualification Order.

জ. প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলায় কত জনকে আসামি করা হয়েছিল?
উত্তর: আগরতলা ষড়যন্ত্র মামলায় ৩৫ জনকে আসামি করা হয়েছিল।

ঝ. প্রশ্ন: মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন?
উত্তর: মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ ছিলেন।

ঞ. প্রশ্ন: বঙ্গবন্ধু কবে স্বদেশে প্রত্যাবর্তন করেন?
উত্তর: বঙ্গবন্ধু ১৯৭২ সালের ১০ জানুয়ারি স্বদেশে প্রত্যাবর্তন করেন।

ট. প্রশ্ন: মুক্তিযুদ্ধের সর্বোচ্চ খেতাব কী?
উত্তর: মুক্তিযুদ্ধের সর্বোচ্চ খেতাব 'বীরশ্রেষ্ঠ' ।

ঠ. প্রশ্নঃ বাংলাদেশ কবে জাতিসংঘের সদস্যপদ লাভ করে ?
উঃ বাংলাদেশ ১৯৭৪ সালে ১৭ সেপ্টেম্বর জাতিসংঘের সদস্যবোধ লাভ করে।

অনার্স ১ম বর্ষ -২০১৮
স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস

ক. প্রশ্নঃ বাংলাদের উপর কোন নরগোষ্ঠীর প্রভাব সবচেয়ে বেশি ?
উঃ বাঙ্গালীদের উপর আদি অস্ট্রিক বা অস্ট্রালয়ের নরগোষ্ঠীর প্রভাব সবচেয়ে বেশি ।

খ. প্রশ্নঃ বাংলা ভাষার উদ্ভব হয়েছে কোন ভাষা থেকে ?
উঃ বাংলা ভাষার উদ্ভব হয়েছে ইন্দো-ইউরোপীয় ভাষা থেকে।

গ. প্রশ্নঃ পূর্ববাংলার প্রথম গভর্নর কে ছিলেন ?
উঃ পূর্ব বাংলার প্রথম গভর্নর ছিলেন স্যার ফ্রেডারিক চাল মার্চ বোর্ন ।

ঘ. প্রশ্ন: আওয়ামী মুসলিম লীগের প্রথম সভাপতি কে ছিলেন?
উত্তর: আওয়ামী মুসলিম লীগের প্রথম সভাপতি ছিলেন মাওলানা আবদুল হামিদ খান ভাসানী।

ঙ. প্রশ্ন: ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট কত দফা ঘোষণা করে?
উত্তর: ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট ২১ দফা ঘোষণা করে।

চ. প্রশ্ন: ঐতিহাসিক 'ছয়-দফা' কোথায় ঘোষিত হয়?
উত্তর: ঐতিহাসিক ছয়-দফা লাহোরে ঘোষিত হয়।

ছ. প্রশ্ন: বাংলাদেশের জাতীয় পতাকা প্রথম কবে উত্তোলিত হয়?
উত্তর: বাংলাদেশের জাতীয় পতাকা প্রথম ১৯৭১ সালের ২ মার্চ উত্তোলিত হয়।

জ. প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশ কয়টি সেক্টরে বিভক্ত ছিল?
উত্তর: মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশ ১১টি সেক্টরে বিভক্ত ছিল।

ঝ. প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম দেশ কোনটি?
উত্তর: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম দেশ ভুটান।

ঞ. প্রশ্ন: বাংলাদেশের সংবিধান কত তারিখ থেকে কার্যকর হয়?
উত্তর: বাংলাদেশের সংবিধান ১৯৭২ সালের ১৬ই ডিসেম্বর থেকে কার্যকর হয়।

ট. প্রশ্ন: 'বাকশাল' এর পূর্ণরূপ কী?
উত্তর: 'বাকশাল' এর পূর্ণরূপ 'বাংলাদেশ কৃষক-শ্রমিক আওয়ামী লীগ'।

ঠ. প্রশ্ন: কত তারিখে বঙ্গবন্ধু সপরিবারে নিহত হন?
উত্তর: ১৯৭৫ সালের ১৫ই আগস্ট বঙ্গবন্ধু সপরিবারে নিহত হন।

অনার্স ১ম বর্ষ -২০১৯
স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস

ক. প্রশ্ন: পদ্মা নদী কোথায় মেঘনা নদীর সাথে মিশেছে?
উত্তর: পদ্মা নদী চাঁদপুরে মেঘনা নদীর সাথে মিশেছে।

খ. প্রশ্ন: বাংলা ভাষার আদি নিদর্শন এর নাম কী?
উত্তর: বাংলা ভাষার আদি নিদর্শনের নাম চর্যাপদ।

গ. প্রশ্ন: ঐতিহাসিক 'লাহোর প্রস্তাব' উত্থাপিত হয় কত সালে?
উত্তর: ঐতিহাসিক 'লাহোর প্রস্তাব' উত্থাপিত হয় ১৯৪০ সালে।

ঘ. প্রশ্ন: অখণ্ড স্বাধীন বাংলা গঠনের প্রস্তাবক কে ছিলেন?
উত্তর: অখণ্ড স্বাধীন বাংলা গঠনের প্রস্তাবক ছিলেন হোসেন শহীদ সোহরাওয়ার্দী।

ঙ. প্রশ্ন: আওয়ামী মুসলিম লীগ কত সালে প্রতিষ্ঠিত হয়?
উত্তর: আওয়ামী মুসলিম লীগ ১৯৪৯ সালে প্রতিষ্ঠিত হয়।

চ. প্রশ্ন: কার নেতৃত্বে তমদ্দুন মজলিশ গঠিত হয়?
উত্তর: অধ্যাপক আবুল কাসেমের নেতৃত্বে তমদ্দুন মজলিশ গঠিত হয়।

ছ. প্রশ্ন: PODO এর পূর্ণরূপ লেখ।
উত্তর: PODO এর পূর্ণরূপ Public Office Disqualification Order.

জ. প্রশ্ন: ১৯৫৪ সালের প্রাদেশিক পরিষদের নির্বাচনে যুক্তফ্রন্টের নির্বাচনী প্রতীক কী ছিল?
উত্তর: ১৯৫৪ সালের প্রাদেশিক পরিষদের নির্বাচনে যুক্তফ্রন্টের নির্বাচনী প্রতীক ছিল নৌকা।

ঝ. প্রশ্ন: শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে কবে ভূষিত করা হয়?
উত্তর: শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয় ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি।

ঞ. প্রশ্ন: ১৯৭১ সালের অস্থায়ী সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন?
উত্তর: ১৯৭১ সালের অস্থায়ী সরকারের রাষ্ট্রপতি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

ট. প্রশ্ন: বঙ্গবন্ধু কত তারিখে স্বদেশে প্রত্যাবর্তন করেন?
উত্তর: বঙ্গবন্ধু ১৯৭২ সালের ১০ জানুয়ারি স্বদেশে প্রত্যাবর্তন করেন।

ঠ. প্রশ্ন: বাংলাদেশ কবে জাতিসংঘের সদস্য পদ লাভ করে?
উত্তর: বাংলাদেশ ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর জাতিসংঘের সদস্য পদ লাভ করে।

অনার্স ১ম বর্ষ -২০২০
স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস

ক. প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম মুসলিম দেশ কোনটি?
উত্তর: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম মুসলিম দেশ সেনেগাল।

খ. প্রশ্ন: বাংলাদেশের সংবিধান কত তারিখ থেকে কার্যকর হয়?
উত্তর: বাংলাদেশের সংবিধান ১৯৭২ সালের ১৬ই ডিসেম্বর থেকে কার্যকর হয়।

গ. প্রশ্ন: কত সালে বঙ্গবন্ধু জাতিসংঘে বাংলায় ভাষণ দেন?
উত্তর: ১৯৭৪ সালের ২৫শে সেপ্টেম্বর বঙ্গবন্ধু জাতিসংঘে বাংলায় ভাষণ দেন।

ঘ. প্রশ্ন: বাংলা ভাষার উদ্ভব হয়েছে কোন ভাষা থেকে?
উত্তর: বাংলা ভাষার উদ্ভব হয়েছে ইন্দো-ইউরোপীয় ভাষা থেকে।

ঙ. প্রশ্ন: দ্বি-জাতি তত্ত্বের প্রবর্তক কে?
উত্তর: দ্বি-জাতি তত্ত্বের প্রবর্তক মুহম্মদ আলী জিন্নাহ।

চ. প্রশ্ন: বাংলাদেশের জাতীয় পতাকা প্রথম কে উত্তোলন করেন?
উত্তর: বাংলাদেশের জাতীয় পতাকা প্রথম উত্তোলন করেন তৎকালীন ডাকসুর সহ-সভাপতি আ. স. ম. আবদুর রব।

ছ. প্রশ্ন: মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন?
উত্তর: মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী ছিলেন তাজউদ্দীন আহমদ।

জ. প্রশ্ন: আওয়ামী মুসলিম লীগের প্রথম সভাপতি কে ছিলেন?
উত্তর: আওয়ামী মুসলিম লীগের প্রথম সভাপতি ছিলেন মাওলানা আবদুল হামিদ খান ভাসানী।

ঝ. প্রশ্ন: ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট কত দফা ঘোষণা করে?
উত্তর: ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট ২১ দফা ঘোষণা করে।

ঞ. প্রশ্ন: মৌলিক গণতন্ত্রে কতজনের ভোটাধিকার ছিল?
উত্তর: মৌলিক গণতন্ত্রে ৮০,০০০ জনের ভোটাধিকার ছিল।

ট. প্রশ্ন: LFO এর পূর্ণরূপ কী?
উত্তর: LFO এর পূর্ণরূপ Legal Framework Order.

ঠ. প্রশ্ন: ২৫শে মার্চের গণহত্যার সাংকেতিক নাম কী ছিল?
উত্তর: ২৫শে মার্চের গণহত্যার সাংকেতিক নাম ছিল 'অপারেশন সার্চলাইট'।

অনার্স ১ম বর্ষ -২০২১
স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস

ক. প্রশ্ন: ঐতিহাসিক 'লাহোর প্রস্তাব' কে উত্থাপন করেন?
উত্তর: ঐতিহাসিক 'লাহোর প্রস্তাব' শেরে বাংলা এ. কে. ফজলুল হক উত্থাপন করেন।

খ. প্রশ্ন: কার নেতৃত্বে 'তমদ্দুন মজলিশ' গঠিত হয়?
উত্তর: অধ্যাপক আবুল কাসেমের নেতৃত্বে তমদ্দুন মজলিশ গঠিত হয়।

গ. প্রশ্ন: যুক্তফ্রন্টে কয়টি রাজনৈতিক দল যোগ দিয়েছিল?
উত্তর: যুক্তফ্রন্টে চারটি রাজনৈতিক দল যোগ দিয়েছিল।

ঘ. প্রশ্ন: ছয়দফা কর্মসূচি কে পেশ করেন?
উত্তর: ছয়দফা কর্মসূচি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পেশ করেন।

ঙ. প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলায় কতজনকে আসামি করা হয়েছিল?
উত্তর: আগরতলা ষড়যন্ত্র মামলায় ৩৬ জনকে আসামি করা হয়েছিল।

চ. প্রশ্ন: কোন তারিখে গণহত্যা দিবস পালিত হয়?
উত্তর: ২৫শে মার্চ গণহত্যা দিবস পালিত হয়।

ছ. প্রশ্ন: মুজিবনগর সরকার কোথায় গঠিত হয়েছিল?
উত্তর: মুজিবনগর সরকার মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার আম্রকাননে গঠিত হয়েছিল।

জ. প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশ কয়টি সেক্টরে বিভক্ত ছিল?
উত্তর: মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশ ১১টি সেক্টরে বিভক্ত ছিল।

ঝ. প্রশ্ন: ভারত কবে বাংলাদেশকে স্বীকৃতি দেয়?
উত্তর: ভারত ১৯৭১ সালের ৬ ডিসেম্বর বাংলাদেশকে স্বীকৃতি দেয়।

ঞ. প্রশ্ন: মুক্তিযুদ্ধে কতজন মুক্তিযোদ্ধা সর্বোচ্চ খেতাব লাভ করেন?
উত্তর: মুক্তিযুদ্ধে ৭ জন মুক্তিযোদ্ধা সর্বোচ্চ খেতাব লাভ করেন।

ট. প্রশ্ন: বাকশাল এর পূর্ণ শব্দরূপ কী?
উত্তর: বাকশাল এর পূর্ণ শব্দরূপ বাংলাদেশ কৃষক-শ্রমিক আওয়ামী লীগ।

ঠ। প্রশ্নঃ বাংলা সাহিত্যের আদি নির্দেশনের নাম কি ?
উঃ বাংলা সাহিত্যের আদি নির্দেশনা নাম চর্যাপদ

অনার্স ১ম বর্ষ -২০২২
স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস

ক. প্রশ্ন: বাংলা সাহিত্যের আদি নিদর্শন এর নাম কী?
উত্তর: বাংলা সাহিত্যের আদি নিদর্শনের নাম চর্যাপদ।

খ. প্রশ্ন: পদ্মা নদী কোথায় মেঘনা নদীর সাথে মিশেছে?
উত্তর: পদ্মা নদী চাঁদপুরে মেঘনা নদীর সাথে মিশেছে।

গ. প্রশ্ন: অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী কে ছিলেন?
উত্তর: অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী ছিলেন এ. কে. ফজলুল হক।

ঘ. প্রশ্ন: ঐতিহাসিক 'লাহোর প্রস্তাব' কে উত্থাপন করেন?
উত্তর: ঐতিহাসিক 'লাহোর প্রস্তাব' শেরে বাংলা এ. কে. ফজলুল হক উত্থাপন করেন।

ঙ. প্রশ্ন: অখণ্ড স্বাধীন বাংলা গঠনের প্রস্তাবক কে ছিলেন?
উত্তর: অখণ্ড স্বাধীন বাংলা গঠনের প্রস্তাবক ছিলেন হোসেন শহীদ সোহরাওয়ার্দী।

চ. প্রশ্ন: কার নেতৃত্বে 'তমদ্দুন মজলিশ' গঠিত হয়?
উত্তর: অধ্যাপক আবুল কাসেমের নেতৃত্বে 'তমদ্দুন মজলিশ' গঠিত হয়।

ছ. প্রশ্ন: যুক্তফ্রন্টে কয়টি রাজনৈতিক দল যোগ দিয়েছিল?
উত্তর: যুক্তফ্রন্টে চারটি রাজনৈতিক দল যোগ দিয়েছিল।

জ. প্রশ্ন: LFO এর পূর্ণরূপ কী?
উত্তর: LFO এর পূর্ণরূপ Legal Framework Order.

ঝ. প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশ কয়টি সেক্টরে বিভক্ত ছিল?
উত্তর: মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশ ১১টি সেক্টরে বিভক্ত ছিল।

ঞ. প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম মুসলিম দেশ কোনটি?
উত্তর: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম মুসলিম দেশ সেনেগাল।

ট. প্রশ্ন: কোন তারিখে 'গণহত্যা দিবস' পালিত হয়?
উত্তর: ২৫শে মার্চ গণহত্যা দিবস পালিত হয়।

ঠ. প্রশ্ন: বাংলাদেশের সাংবিধানিক নাম কী?
উত্তর: বাংলাদেশের সাংবিধানিক নাম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।